

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৫৫(আগরতলা, ১৫।৫)

উদয়পুর, ১৫ মে, ২০১৮

কাকড়াবনে গাজন উৎসব ও চড়ক মেলা শুরু

কাকড়াবন ব্লকের মেলাঘর টিলার মুক্তমঞ্চে দুই দিনব্যাপী গাজন উৎসব ও চড়ক মেলা গতকাল থেকে শুরু হয়েছে। তথ্য ও সংস্কৃতি দপ্তর, কাকড়াবন ব্লক এবং চড়ক মেলা কমিটির যৌথ উদ্যোগে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করে পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, গাজন উৎসব বা লোক সংস্কৃতি উৎসব হল মানব ইতিহাসের হারিয়ে যাওয়া রত্নভান্ডার। চিত্র বিনোদনের সাথে সাথে অতীতের সাথে বর্তমানের পরিচয় করিয়ে দেয় এই উৎসব। তিনি বলেন, আমাদের রাজ্যে প্রতিটি জাতিগোষ্ঠীর কৃষ্টি-সংস্কৃতি রয়েছে। রাজ্য সরকার প্রত্যেক জাতিগোষ্ঠীর সংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে চেষ্টা চালিয়ে যাবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক রতন ভৌমিক, সমাজসেবী জীতেন্দ্র মজুমদার, পদ্মমোহন জমাতিয়া, অভিষেক দেবরায়, চড়ক মেলা কমিটির সভাপতি ব্রজেন্দ্র দাস প্রমুখ। স্বাগত ভাষণ দেন কাকড়াবন ব্লকের বি ডি ও সুমিতা চক্রবর্তী। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাকড়াবন গ্রাম পঞ্চায়েতের প্রধান খোকন দাস। গাজন উৎসব উপলক্ষ্যে গতকাল মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।
